# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

## প্রধান কার্যালয়, ঢাকা।

### পার্সোনেল ডিপার্টমেন্ট

তারিখ ঃ ১৪.১২.২০১০ খ্রিঃ

## প্রশাসনিক পরিপত্র নং- ৩২/২০১০

কর্পোরেশনের পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত ইনভেস্টমেন্ট কর্পোরেশন্ অব বাংলাদেশ (কর্মকর্তা ও কর্মচারী) বদলী নীতিমালা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সকলের অবগতির জন্য এতদ্সঙ্গে জারি করা হলো।

(আবু মো. ইউসুফ)
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ ঃ

১. ডিপার্টমেন্ট প্রধান, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
২. সকল সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/সিস্টেম ম্যানেজার, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. আইসিবি শাখাসমূহ।
৫. মহাব্যবস্থাপক মহোদয়গণের সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক মহোদয় -এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. চেয়ারম্যান মহোদয় -এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. প্রধান নির্বাহী কর্মকর্তাগণ, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৯. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০.আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১.অফিস কপি।

## ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।
**পার্সোনেল ডিপার্টমেন্ট**

# বদলী নীতিমালা

০১। সাধারণ নিয়মে একই কর্মস্থলে ০৩ (তিন) বছর বা তদুর্দ্ধকাল কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এক কর্মস্থল হতে অন্য কর্মস্থলে বদলীযোগ্য হবেন। পদোন্নতি উত্তর নিয়োগ ও শাস্তিমূলক বদলীর ক্ষেত্রে উপরিউক্ত নিয়ম প্রযোজ্য হবে না। তবে কর্পোরেশনের স্বার্থে কিংবা সঙ্গত কারণে তিন বছরের কম সময়েও বদলী করা যাবে;

০২। কোন কর্মকর্তা/কর্মচারী বদলীকৃত স্থান হতে অন্য স্থানে বদলী হওয়ার ইচ্ছা প্রকাশ করলে তাকে কর্মরত অফিসে ন্যূনতম দুই বছর সক্রিয় চাকুরীর মেয়াদ পূর্ণ করতে হবে।

০৩। বিশেষজ্ঞ ও কারিগরি ধরণের পদে যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছেন তাদের ক্ষেত্রে যথোপযুক্ত বিবেচনার পর ১নং অনুচ্ছেদে বর্ণিত নিয়ম শিথিল করা যেতে পারে;

০৪। বদলীর আদেশ পরিবর্তন, বাতিল বা বিলম্বকরণের জন্য তদ্বির করা হলে কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত নথিতে উহা অসদাচরন হিসাবে রেকর্ড করা হবে, যা পরবর্তী পদোন্নতির সময় নেতিবাচক বিবেচনায় আনা হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে পারবে;

০৫। অবসর গ্রহণের বয়সে উপনীত হওয়ার ১ (এক) বছর পূর্বে কোন কর্মকর্তা/কর্মচারীকে (শৃঙ্খলাধীন ব্যবস্থা ব্যতীত) তাদের পছন্দমত কর্মস্থলে বদলী করা যেতে পারে। এ সময় তাদেরকে তদারকীমূলক কাজে নিয়োজিত রাখতে হবে;

০৬। কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীদের স্বামী অথবা স্ত্রী উভয়ই চাকুরীজীবি হলে কর্পোরেশনের স্বার্থ বজায় রেখে তাদেরকে একই কর্মক্ষেত্রে/এলাকায় বদলী যতদুর সম্ভব বিবেচনা করা যেতে পারে। তবে স্বামী ও স্ত্রী উভয়ই আইসিবি-তে কর্মরত হলে একই বিভাগে বদলী/পদেস্থাপন করা যাবে না। কর্তব্যরত স্বামী ও স্ত্রীকে যৌথস্বাক্ষরে পরিচালিত যে কোন চুক্তি সম্পাদন/ব্যাংক হিসাব পরিচালনার দায়িত্ব দেয়া যাবে না ;

০৭। সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর ডেস্ক সম্ভব হলে নিয়মিত পরিবর্তন করতে হবে;

০৮। শাখা প্রধান হিসেবে পদেস্থাপনের সময় সংশ্লিষ্ট কর্মকর্তার বিগত বছরের কর্মকাণ্ড মূল্যায়ন করতে হবে। উত্তম মূল্যায়নের অধিকারী কর্মকর্তাদেরকে শাখা ব্যবস্থাপক হিসেবে বদলীর অগ্রাধিকার প্রদান করতে হবে;

০৯। ৩য় এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীগণকে বদলীর ক্ষেত্রে তার নিজ বিভাগ/জেলাকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

১০। কর্মকর্তা/কর্মচারীদেরকে এমনভাবে বদলী করতে হবে যাতে সকল কর্মকর্তা/কর্মচারী পর্যায়ক্রমে শাখা পর্যায় সকল ধরণের কার্যক্রম অভিজ্ঞতা অর্জন করতে পারে;

১১। বৎসরের এমন সময় বদলীর আদেশ জারি করা সমীচীন হবে যাতে কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের লেখাপড়া বিঘ্নিত না হয়। তবে পদোন্নতি ও শাস্তিমূলক বদলীর ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না। কোন বদলীর আদেশ শিক্ষাবর্ষের গুরুত্বপূর্ণ সময় প্রাপ্তহলে অথবা অন্য কোন প্রশাসনিক কারণে কর্তৃপক্ষ বদলীর আদেশের কার্যকারীতা সাময়িকভাবে স্থগিত রাখতে পারবে। তবে কোন বদলীর আদেশ বাতিল করা যাবে না।

১২। কোন কর্মকর্তা/কর্মচারী মিউচ্যুয়াল বদলীর আবেদন করলে যদি কর্পোরেশনের স্বার্থ ক্ষুণ্ন না হয় তাহলে সেক্ষেত্রে বিবেচনা করা যাবে। তবে কোন কর্মস্থলে ২ বছর চাকুরী পূর্ণ না হলে এ ধরণের আবেদন করা যাবে না। কোন কর্মকর্তা/কর্মচারীর নিজ আবেদনক্রমে বদলী করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী বদলী জনিত কোন ভ্রমণ ভাতা পাবেন না;

১৩। একনাগাড়ে দীর্ঘদিন একই শাখায় কর্মরতদের উক্ত শাখা ভিন্ন অন্য শাখা বা প্রধান কার্যালয়ে বদলীর বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে ;

চলমান পাতা- ০২

১৪। অনিয়মের জন্য শাস্তিপ্রাপ্ত (গুরু দন্ডপ্রাপ্ত) কোন কর্মকর্তাকে শাস্তির মেয়াদান্তে অন্ততঃ ৫ (পাঁচ) বছর পর্যন্ত শাখা প্রধান হিসেবে নিয়োগ করা যাবে না;

১৫। বদলী আদেশ নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান করতে হবে। এক্ষেত্রে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৩ এর ৮নং অনুচ্ছেদের ব্যাখ্যা প্রযোজ্য হবে। বদলী আদেশ নির্ধারিত সময়ের মধ্যে ছাড়পত্র প্রদান না করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং ডিভিশন/ডিপার্টমেন্ট/শাখা প্রধান উভয়ই দায়ী হবেন এবং এক্ষেত্রে উভয়ের বিরুদ্ধেই প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা যাবে;

১৬। প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৩ এ বর্ণিত বিধি-বিধান ও সরকারী বিধি-বিধান প্রযোজ্য হবে;

১৭। এছাড়া, সাবসিডিয়ারি কোম্পানিতে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় সমূহ বিবেচনা করা হবে ঃ

ক) **প্রধান নির্বাহী কর্মকর্তা ঃ** কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক হিসেবে ৩ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। ইংরেজী ভাষায় পারদর্শিতাকে অগ্রাধিকার প্রদান করা হবে ;

খ) **উপ-নির্বাহী কর্মকর্তা** ঃ কর্পোরেশনের সহকারী মহাব্যবস্থাপক হিসেবে ৩ বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে। ইংরেজী ভাষায় পারদর্শিতাকে অগ্রাধিকার প্রদান করা হবে ;

গ) **অন্যান্য কর্মকর্তা/কর্মচারী** ঃ দাপ্তরিক কাজে পারদর্শিতা ও ইংরেজী ভাষাগত দক্ষতাকে অগ্রাধিকার প্রদান করা হবে;

১৮। প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী ৩ বছরের অধিক সময় প্রেষণে নিয়োজিত থাকবেন না। তবে বিশেষ বিবেচনায় এই সময় অতিরিক্ত ১ বছর অর্থাৎ ৪ বছর করা যেতে পারে। একাধারে পরপর দুই বার প্রেষণে নিয়োগ করা যাবে না, তবে সমগ্র চাকুরী জীবনে সর্বোচ্চ দুইবার প্রেষণে নিয়োগ করা যেতে পারে;

১৯। এ নীতিমালার কোন শর্তের সাথে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৩ এর কোন ব্যাখ্যা সাংঘর্ষিক হলে প্রবিধানমালায় বর্ণিত ব্যাখ্যা/সরকারী বিধি যথাযথ বিবেচিত হবে। কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন সময় জারীকৃত নির্দশনা সমূহ অত্র নীতিমালার পরিপুরক হিসাবে গণ্য হবে।

Personnel Department
Dhaka

------------o-----------